বরাবর তারিখ: ২৫-০১-২০২৫ খ্রি.

মাননীয় মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
ও আহবায়ক, বই মেলা উদযাপন কমিটি
নগর ভবন, চট্টগ্রাম।

**বিষয়: চট্টগ্রাম বই মেলা প্রাঙ্গনে "খাবার প্যাভিলিয়ন" বরাদ্দের অনুরোধ।**

মহাত্মন,

যথাবিহিত সম্মান পূর্বক নিবেদন এই যে, সায়নি'স ওয়ার্ল্ড একটি আন্তর্জাতিক মানের ইভেন্ট ম্যানেজমেন্ট ও ব্যবসা প্রতিষ্ঠান। যা নির্মাতা ও বিজ্ঞাপনী সংস্থা হিসেবে বিটিভিতে তালিকাভুক্ত। প্রতিষ্ঠালগ্ন থেকে সায়নি'স অত্যন্ত সুনামের সাথে ক্যাটারিং-সহ নানাবিধ ব্যবসা পরিচালনা করে আসছে। ব্যবসা ও ব্যবস্থাপনার প্রতিটি ক্ষেত্রে দক্ষতা ও সফলতার মাধ্যমে ইতিমধ্যে সায়নি'স নিজেকে একটি নির্ভরযোগ্য ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে।

আগামী ফেব্রুয়ারি, ২০২৫ মাসে এম এ আজিজ স্টেডিয়াম সন্নিকটবর্তী মাঠে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক তত্বাবধানে মাসব্যাপী "চট্টগ্রাম একুশে বই মেলা" আয়োজিত হতে যাচ্ছে। বৃহৎ পরিসরে আয়োজিত উক্ত বই মেলায় বিভিন্ন পরিবেশক ও প্রকাশকের বইয়ের স্টলের পাশাপাশি থাকবে খাবারসহ আলাদা কিছু প্যাভিলিয়ন। লেখক, প্রকাশক, পরিবেশক ও দর্শনার্থীদের পদচারনায় দিবা-রাত্রি মুখরিত হবে মেলা প্রাঙ্গন।

বই মেলাসহ যে কোনো বিশেষায়িত মেলায় খাবার স্টলগুলো সহায়ক অনুসঙ্গ হলেও সবচেয়ে বেশী মানুষের পদচারণা থাকে সেখানে। একই সাথে মেলা প্রাঙ্গনের পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ সার্বিক পরিবেশ বিশেষভাবে নির্ভর করে খাবারের প্যাভিলিয়নের ব্যবস্থাপনার উপর। যথাযথ ব্যবস্থাপনার মাধ্যমে খাবার প্যাভিলিয়নের পরিবেশ পরিচ্ছন্ন, স্থিতিশীল ও স্বচ্ছন্দময় রাখতে না পারলে মেলার সার্বিক পরিবেশ বিনষ্ট হয়ে পড়ে।

সায়নি'স ওয়ার্ল্ড "চট্টগ্রাম একুশে বই মেলা"-এর খাবার প্যাভিলিয়নের বরাদ্দ ও ব্যবস্থাপনার সার্বিক দায়িত্ব পালন করতে ইচ্ছুক। এর মাধ্যমে একদিকে যেমন বৈচিত্র্যময় ও চাহিদাসম্পন্ন বিভিন্ন খাবারের স্টল স্থাপন নিশ্চিত করা হবে। তেমনি সেসকল স্টলে স্বাস্থ্যসম্মত খাবার বিক্রি ও সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখা নিশ্চিত করা হবে। থাকবে খাবার স্টলসহ সমগ্র মেলা প্রাঙ্গনের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতের মাধ্যমে সিটি কর্পোরেশনের "গ্রীন সিটি-ক্লিন সিটি" উদ্যোগ বাস্তবায়নের সর্বাঙ্গীন প্রচেষ্টা।

অতএব, সার্বিক বিষয় বিবেচনায় আসন্ন "চট্টগ্রাম একুশে বই মেলা"-এর খাবার প্যাভিলিয়নের স্টল স্থাপন/ বরাদ্দ ও ব্যবস্থাপনার সার্বিক দায়িত্ব সায়নি'স ওয়ার্ল্ডকে প্রদানের মাধ্যমে মেলা প্রাঙ্গনের পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ কাঙ্খিত পরিবেশ নিশ্চিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যে মহোদয়ের নিকট সবিনয় অনুরোধ জানাচ্ছি।

বিনীত নিবেদক

তানভীর খালেদ
চেয়ারম্যান
সায়নি'স ওয়ার্ল্ড।

EduLab
Bangladesh